

তারিখ 03 MAY 1972
 পৃষ্ঠা... .. ২... .. ৫... ..

১৭শে মে ১০২৪

কুষ্টিয়ায় স্কুল ছাত্র নিহত : গুলীবর্ষণ : ১৪৪ ধারা জারি

কুষ্টিয়া, ২ মে (সংবাদদাতার টেলিফোন)।— আজ সকালে কুষ্টিয়া সদরে ট্রাক চাপা পড়ে স্কুল ছাত্রের মৃত্যুর জের হিসেবে বিক্ষুব্ধ জনতা পুলিশভ্যানসহ ২টি ট্রাকে অগ্নিসংযোগ করে। পরিস্থিতি আয়ত্তে আনতে পুলিশ কমপক্ষে ১৫ রাউন্ড গুলীবর্ষণের পর ১৪৪ ধারা জারি করেছেন। সকাল ১০টায় কুষ্টিয়া মুসলিম হাই স্কুলের ৮ম শ্রেণীর ছাত্র সাহেদ আলী সাইকেল যোগে বাড়ী ফেরার পথে পৌরবাজারের সামনে একটি ট্রাকের (রংপুর-ট-৪০৭৫) চাকায় পিষ্ট হয়ে মারা যায়। জনতা ঘাতক

ট্রাকের চালককে ধরে ফেলে এবং ট্রাকটিতে অগ্নিসংযোগ করে। এসময় একটি ভ্যানযোগে একদল পুলিশ ঘটনাস্থলে পৌঁছলে জনতা ঐ ভ্যানটিতে ও পরে অন্য একটি ইট বোঝাই ট্রাকে অগ্নিসংযোগ করেন। ফলে পুলিশ ও জনতার মধ্যে সংঘর্ষের সৃষ্টি হয়। এক পর্যায়ে পুলিশ কয়েক রাউন্ড কাদানে গ্যাস নিক্ষেপ ও কমপক্ষে ১৫ রাউন্ড গুলীবর্ষণ করে। এতে ১ জন ট্রাকের পুলিশসহ কমপক্ষে ২০ ব্যক্তি আহত হয়।